



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ৫ই অক্টোবর, ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে ধর্ষণ, গণধর্ষণ ও নৃসংশভাবে নির্যাতন বৃদ্ধির ঘটনায় ব্লাস্টের তীব্র নিন্দা প্রকাশ এবং অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে নিরপেক্ষ তদন্ত করে দ্রুত বিচারের জোর দাবী জানাচ্ছে

পুরো বিশ্ব যখন করোনো ভাইরাস সংক্রমণ প্রতিরোধে যুদ্ধ করে চলছে তখন বাংলাদেশে ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণ, ধর্ষণ পরবর্তী হত্যা ও নির্যাতনের ঘটনা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, গত ২ সেপ্টেম্বর ২০২০ নোয়াখালীর বেগমগঞ্জের এক গৃহবধূকে বর্বরোচিত পাশবিক নির্যাতন করে চার যুবক এবং এ ঘটনার ভিডিও ধারণ করে তা সামাজিক মাধ্যমে ভাইরাল করার ভয় দেখিয়ে অনৈতিক প্রস্তাব ও টাকা দাবী করে এবং এক পর্যায়ে তা সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। গত ২৫শে সেপ্টেম্বর, ২০২০ শুক্রবার বিকেলে নিজেদের গাড়িতে স্বামীর সাথে এক তরুণী সিলেটের এমসি কলেজ এলাকায় বেড়াতে যান। রাতে কলেজের প্রধান ফটকের সামনে গাড়িতে বসে দুজন কথা বলছিলেন। এ সময় পাঁচজন যুবক তাদের গাড়িটি ঘিরে ধরেন এবং তাদের জোর করে গাড়ি থেকে নামান। স্বামীকে গাড়িতে আটকে রেখে তিনজন যুবক স্ত্রীকে ছাত্রাবাসের ৭ নম্বর ব্লকের একটি কক্ষের সামনে তুলে নিয়ে যায় এবং গণধর্ষণের ঘটনা ঘটায়। এছাড়া হবিগঞ্জের চুনাকুড়া উপজেলায় ডাকাতি করতে এসে মা ও মেয়েকে গণধর্ষণের অভিযোগ পাওয়া যায়। ব্লাস্ট এ সকল ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে এবং ঘটনার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে অভিযুক্তদের যথাযথ বিচার দাবী করছে।

আইন ও সালিশি কেন্দ্র (আসক)-এর প্রকাশিত তথ্য মতে শুধুমাত্র জানুয়ারী হতে আগস্ট পর্যন্ত ৮৮৯ টি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে যেখানে ধর্ষণের শিকার ৪১ জন ধর্ষণের পর মৃত্যুবরণ করেছ এবং ৯ জন নারী ধর্ষণের পর আত্মহত্যা করেছে।

উল্লেখ্য যে, পুলিশ দপ্তর হতে গত ১০ জুন ২০১৫ তারিখে (স্মারক নং-না: ও শি: নি: প্র: সেল /সার্কুলার/৪৪.০১.০০০০.০৪৭.০১.০১১.১৫-২২৩/১(১০৫) নারী ও শিশু নির্যাতন মামলা দায়ের সংক্রান্ত কিছু দিক-নির্দেশনা প্রদান করে একটি পরিপত্র জারী হয়। জারীকৃত পরিপত্রের ৩নং নির্দেশনা হচ্ছে, 'ধর্ষণ, যৌন নিপীড়নসহ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের কোন অভিযোগ থানায় আসার সাথে সাথে কোন প্রকার বৈষম্য ও বিলম্ব ছাড়াই মামলা রুজু করতে হবে'। 'ধর্ষণ, যৌন নিপীড়নসহ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে এধরনের সুস্পষ্ট দিক-নির্দেশনা থাকা সত্ত্বেও বিভিন্ন সময়ে উক্ত নির্দেশনা লঙ্ঘনের অভিযোগ পাওয়া যাচ্ছে। এ ধরনের ঘটনায় পুলিশ সদর দপ্তরের নির্দেশনা সম্বলিত পরিপত্র লঙ্ঘনকারী অভিযুক্ত পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভাগীয় পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছি। উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে কড়া নজরদারী ও পরিবীক্ষণ করার এটাই যথোপযুক্ত সময় ও সুযোগ। এই সুযোগ কাজে লাগিয়ে নারীর উপর সহিংসতা ও ধর্ষণ বন্ধ করা সহ আইন শৃঙ্খলা পরিস্থিতিকে নিয়ন্ত্রণে রাখা ও দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করার জোর দাবী করছি।

ধর্ষণ, যৌন নির্যাতন, এবং চলাফেরায় বাধাপ্রদান, বৈষম্য করা, নারীর মর্যাদা ও সম্মানহানি করা এবং বেঁচে থাকার অধিকার ক্ষুণ্ণ করা সাংবিধানিক অধিকারের লংঘন এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে আইনের প্রয়োগ ও জনমত গঠনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি পুলিশ যেন এ ঘটনা সুষ্ঠু তদন্ত করে জড়িতদের বিচারের আওতায় আনার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণের আহবান জানাচ্ছে।

বার্তা শ্রেক

আসমা উল হোসনা, কমিউনিকেশন স্পেশালিস্ট, ব্লাস্ট
ফোন: ০১৭১২১৪৬৯৪২ ইমেইল: asma@blast.org.bd

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন

মাহবুবা আজার
উপ পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট
ফোন: ০১৭৭৬০৬০১১৩ ইমেইল: mahbuba@blast.org.bd